পশ্চিমবঙ্গ সরকার
অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন অধিকার
৮নং লায়ন্স রেঞ্জ, মিত্র বিল্ডিং, (দ্বিতীয় তল), কলকাতা-৭০০০০১

স্মারক সংখ্যা.৫০০.....বি.সি.ডাব্লু.টি.ডি.(এইচ) তারিখ ২০/০৭/২০২৬

ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ সরকারের অনগ্রসর কল্যাণ ও আদিবাসী বিভাগ পরিচালিত কলকাতায় অবস্থিত নিম্নলিখিত কেন্দ্রীয় ছাত্রাবাস/ছাত্রীনিবাসে ভর্তির জন্য কলকাতায় স্নাতক স্তরের/স্নাতকোত্তর স্তরের বিভিন্ন পাঠক্রমে পাঠরত তপশিলি জাতি ও তপশিলি উপজাতি সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে:-

১. সেন্ট ডেভিড কেন্দ্রীয় ছাত্রাবাস, ২. সিধু কানু ছাত্রাবাস, ৩. রানী রাসমণি ছাত্রীনিবাস (ইউনিট-১ এবং ইউনিট ২), ৪. বিধান নগর কেন্দ্রীয় ছাত্রীনিবাস, ৫.উদয়ন কেন্দ্রীয় ছাত্রাবাস।

আবেদনপত্র এবং বিস্তারিত বিবরণের জন্য ১৫.০৭.২০২৬ থেকে ১৭.০৮.২০২৬ (স্নাতক স্তরের ক্ষেত্রে) ও ০২.০৯.২০২৬ থেকে ০৮.১০.২০২৬ (স্নাতকোত্তর স্তরের ক্ষেত্রে)-এর মধ্যে সংশ্লিষ্ট ছাত্রাবাস/ছাত্রীনিবাসের অধিক্ষকের সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে। এছাড়াও আবেদনপত্র বিভাগীয় ওয়েবসাইট:-**www.anagrasarkalyan.gov.in** এ পাওয়া যাবে।

বিঃদ্রঃ - উল্লেখ্য যে, এই প্রক্রিয়ায় স্নাতক পর্যায়ে ৩১.০৮.২০২৬ এবং স্নাতকোত্তর পর্যায়ে ০৮.১০.২০২৬ তারিখের আগে যেসব শিক্ষার্থী ভর্তি হবে, ভর্তি প্রক্রিয়া সমাপ্ত হওয়ার পর যদি দূরত্বের বিচারে আরও যোগ্য আবেদনকারী পাওয়া যায়, তবে তাদের হোস্টেলের আসন ছেড়ে দিতে হতে পারে।

 # আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ স্নাতকস্তরের:- ১৭.০৮.২০২৬ ও স্নাতকোত্তর স্তরের:-০৮.১০.২০২৬ ।

স্বাক্ষর

বিশেষ সচিব

অনগ্রসর শ্রেণী কল্যাণ ও উন্নয়ন